গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম

# ডিসেম্বর-২০২১ মাসের রৌমারী উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব শেখ আব্দুল্যাহ্<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম। |
| সভার তারিখ | ঃ | ২২/১২/২০২১খ্রিঃ। |
| সময় | ঃ | বেলা ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রৌমারী, কুড়িগ্রাম। |
| সভার উপস্থিতি | ঃ | হাজিরা খাতায় সংরক্ষিত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নিম্নোক্ত আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করেন।

আলোচ্য বিষয় - ১ ঃ গত সভার কার্যবিবরণী পাঠ।
সিদ্ধান্ত ঃ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।
বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি।

আলোচ্য বিষয় - ২ ঃ গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।
সিদ্ধান্ত ঃ গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে।
বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি।

**আলোচ্য বিষয় - ৩ ঃ বিভিন্ন দপ্তরের আলোচনা ঃ**

(ক) **উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে রৌমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সার্বিক অবস্থা ভালো। ইনডোর ও আইটডোরে সার্বক্ষণিক সেবা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। করোনা ভাইরাসের টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। রেজিস্ট্রেশনের স্বল্পতার কারণে টিকা প্রদানের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনে সমস্যার সৃষ্টি হচ্ছে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে করোনা ভাইরাসের টিকা রেজিস্ট্রেশনে সহযোগিতা করার জন্য তিনি সভার মাধ্যমে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ ১। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ করোনা ভাইরাসের টিকা প্রদানের রেজিস্ট্রেশন কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

বাস্তবায়ন ঃ ১। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।

(খ) **উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক। ৮০% কৃষি প্রণোদনা কার্যক্রম সম্পন্ন হয়েছে। বর্তমানে সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। ভুট্টার আর্লি-১ পোকা দমনে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রেখেছেন। সরিষা ক্ষেতে মধু আহরণের জন্য রৌমারী উপজেলার বিভিন্ন স্পটে মৌ বক্স স্থাপন করা হয়েছে। চলতি মৌসুমে প্রায় ৬০০০ কেজি মধু আহরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। পারিবারিক পুষ্টি বাগান প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে। উচু যায়গায় মাল্টা চাষ করা যাবে। এক্ষেত্রে যাদের উচু জায়গা রয়েছে তারা আবেদন করলে যাচাই-বাছাই করে মাল্টা চাষ করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। অতিরিক্ত মূল্যে সার বিক্রয় বন্ধে সার ডিলারদের কার্যক্রম মনিটরিং করতে হবে।
২। কৃষি প্রণোদনা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়ন ঃ ১। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা কৃষি অফিসার,রৌমারী, কুড়িগ্রাম।

(গ) **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখ্য যে, দপ্তরের স্বাভাবিক কার্যক্রমের আওতায় বাৎসরিক লক্ষ্যমাত্রা সংশ্লিষ্ট অধিদপ্তর থেকে নির্ধারণ করে দেয়া হয়েছে। উল্লেখিত লক্ষ্যমাত্রার মধ্যে ডিসেম্বর/২১ পর্যন্ত কৃত্রিম প্রজনন সম্প্রসারণ খাতে ৬১%, শংকর জাতের বাছুর উৎপাদন ৫৪%, গবাদি পশুর টিকা প্রদান ৫০%, হাস মুরগীর টিকা প্রদান ৫০.৩৮%, গবাদিপশুর চিকিৎসা ৫২%, পোষা প্রাণির চিকিৎসা প্রদান ৬০%, গবাদি প্রাণির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ ৭৫%, গবাদি প্রাণির ডিজিজ সার্ভিলেন্স ৫০%, ফ্রি ভেটেরিনারি ক্যাম্প স্থাপন ৫০%, খামারী প্রশিক্ষণ প্রদান ৫০.৩২%, মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান ১০০%, উঠান বৈঠক ৫১.৪২%, গাভীর খামার রেজিস্ট্রেশন ২০০%, হাঁস মুরগীর খামার রেজিস্ট্রেশন ১০০%, মোবাইল কোর্ট পরিচালনা ২০০% এবং দুধ, মাংস ও ডিম উৎপাদন যথাক্রমে ৫২.২৮%, ৮৫.১৫% ও ৫২% অর্জিত হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-০২

(ঘ) উপজেলা মৎস্য বিভাগ ঃ অনুপস্থিত।

(ঙ) রৌমারী থানা ঃ অফিসার ইনচার্জ, রৌমারী থানা সভায় জানান যে, বর্তমানে রৌমারী থানা এলাকায় আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

(চ) উপজেলা প্রকৌশল বিভাগ ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণ ও বাউন্ডারী ওয়াল নির্মাণের কাজ চলমান রয়েছে। উক্ত ভবন নির্মাণের বিভিন্ন স্থানে পুরাতন ভবন ও গাছ থাকায় তা নির্মাণ করা কষ্টকর হয়ে যাচ্ছে। উক্ত পুরাতন ভবন ও গাছ দ্রুত অপসারণ করার জন্য তিনি সভায় অনুরোধ জানান। এছাড়া বাউন্ডারী ওয়াল নির্মাণের সময় বিভিন্ন স্কুলে সীমানা সংক্রান্ত জটিলতা দেখা দিচ্ছে। সীমানা জটিলতাসমূহ নিরসণের জন্য তিনি সভায় অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ
১। সরকারি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ স্থলে বিদ্যমান পুরাতন ভবন ও গাছ দ্রুত অপসারণ করতে হবে।
২। যে সকল বিদ্যালয়ে বাউন্ডারী ওয়াল নির্মাণে সীমানা সংক্রান্ত জটিলতা রয়েছে সেসকল বিদ্যালয়ের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করবেন।

বাস্তবায়নে ঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৩। উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।
৪। উপজেলা শিক্ষা অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৫। সংশ্লিষ্ট সকল।

(ছ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, করোনা পরবর্তী সময়ে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খোলা হয়েছে। আগামী ২০২২ সালে শিক্ষার্থীদের মাঝে নতুন বই তুলে দেয়া হবে। এ উপলক্ষে ইতোমধ্যে এ উপজেলায় কিছু বই চলে এসেছে। অনেক বই এখনো পাওয়া যায়নি। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, পর্যাপ্ত বই সরবরাহের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।

(জ) উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ করা হচ্ছে। সীমানা প্রাচীর নির্মাণের সময় স্থানীয় ভূমি মালিকগণের সঙ্গে অনেক জায়গায় সমস্যার সৃষ্টি হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সীমানা প্রাচীর নির্মাণে কোন প্রকার জটিলতা সৃষ্টি হলে লিখিতভাবে জানালে সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণে কোন প্রকার জটিলতা সৃষ্টি হলে লিখিতভাবে জানাতে হবে।

বাস্তবায়ন ঃ ১। উপজেলা শিক্ষা অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।

(ঝ) উপজেলা সমাজসেবা বিভাগ ঃ উপজেলা সমাজসেবা বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক। উপজেলা সমাজসেবা দপ্তরের আওতায় ঋণ খেলাপীদের ঋণ পরিশোধের জন্য নোটিশ প্রদান করা হয় যার প্রেক্ষিতে চলতি মাস পর্যন্ত ১১,৯০,০০০/- (এগার লক্ষ নব্বই হাজার) টাকার খেলাপী ঋণ উত্তোলন করা হয়েছে এবং ১৭,৬৫,০০০/- (সতের লক্ষ পয়ষট্টি হাজার) টাকার নতুন ঋণ প্রদান করা হয়েছে।

(ঞ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ অনুপস্থিত।

(ট) উপজেলা নির্বাচন বিভাগ ঃ উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৫ জানুয়ারী ২০২২ রৌমারী উপজেলার শৌলমারী, রৌমারী ও যাদুরচর ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। তিনি উক্ত নির্বাচনে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

(ঠ) উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক।

(ড) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ অনুপস্থিত।

(ঢ) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক।

(ণ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক।

(ত) উপজেলা খাদ্য বিভাগ ঃ অনুপস্থিত।

(থ) উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক।

(দ) উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ অনুপস্থিত।

(ধ) উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ অনুপস্থিত।

(ন) উপজেলা সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক। তাঁর অফিস ভবনের ছাদ ধ্বসে পড়ছে। দ্রুত মেরামত করার জন্য তিনি সভায় অনুরোধ জানান।

(প) বন বিভাগ ঃ ফরেস্টার, বন বিভাগ সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক।

চলমান পাতা-০৩

CamScanner

(ফ) ফায়ার সার্ভিস ঃ স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস সভায় জানান যে, কর্তিমারী ফায়ার সার্ভিস স্টেশনটি রৌমারী সদরে অবস্থিত। যে কোন কারণে ফায়ার সার্ভিসের নাম কর্তিমারী ফায়ার সার্ভিস স্টেশন করা হয়েছে উহা পরিবর্তন করা প্রয়োজন। এ বিষয়ে সভাপতি জানান যে, ফায়ার সার্ভিস স্টেশনটি যেহেতু রৌমারী সদরে অবস্থিত সেহেতু উহার নাম পরিবর্তন করে "রৌমারী ফায়ার সার্ভিস স্টেশন" করা প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ "কর্তিমারী ফায়ার সার্ভিস স্টেশন" নাম পরিবর্তন করে "রৌমারী ফায়ার সার্ভিস স্টেশন" করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করতে হবে।

বাস্তবায়ন ঃ
১। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
২। স্টেশন অফিসার, কর্তিমারী ফায়ার সার্ভিস স্টেশন, রৌমারী, কুড়িগ্রাম।

আলোচ্য বিষয় - ৩ ঃ ইউপি চেয়ারম্যানগণের আলোচনা ঃ

(ক) চেয়ারম্যান, দাঁতভাঙ্গা ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। দাঁতভাঙ্গা হতে গুটলিগ্রাম হয়ে টাপুরচর উচু ব্রীজ পর্যন্ত রাস্তাটি দিয়ে কয়েক হাজার জনগণ চলাচল করেন এবং তাদের উৎপাদিত ফসল বাজারজাত করেন। কিন্তু রাস্তাটি পাকা না হওয়ায় বৃষ্টি বাদলের সময় জনগণ চরম ভোগান্তির মধ্যে পড়ে। তাই উক্ত রাস্তাটি পাকা করার জন্য তিনি সভায় অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। দাঁতভাঙ্গা হতে গুটলিগ্রাম হয়ে টাপুরচর উচু ব্রীজ পর্যন্ত রাস্তাটি পাকাকরণ করতে হবে।

বাস্তবায়নে ঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৩। উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।

(খ) চেয়ারম্যান, বন্দবেড় ইউপি সভায় জানান যে, ফলুয়ার চর নৌকা ঘাটের রাস্তা মেরামতের কাজে ইটের টুকরা ফেলা হয়েছে কিন্তু ইটগুলো ভাঙ্গা হয়নি। যার ফলে জনগণের চলাচলের ব্যাপক অসুবিধার সৃষ্টি হচ্ছে। উক্ত ইটগুলি ভাঙ্গার জন্য তিনি সভায় অনুরোধ জানান। রিপ-২ রাস্তার ২টি ভাঙ্গায় এ্যাপ্রোচের জন্য তিনি সভায় অনুরোধ জানান। রৌমারী থানা মোড় হতে টাপুরচর পর্যন্ত রাস্তা সংস্কারের জন্য তিনি সভায় অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ
১। ফলুয়ার চর নৌকা ঘাটের রাস্তাটি দ্রুত মেরামত করতে হবে।
২। রিপ-২ রাস্তার ২টি ভাঙ্গায় এ্যাপ্রোচ নির্মাণ করতে হবে।
৩। রৌমারী থানা মোড় হতে টাপুরচর পর্যন্ত রাস্তা মেরামত করতে হবে।

বাস্তবায়ন ঃ
১। উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।
২। চেয়ারম্যান, বন্দবেড় ইউনিয়ন পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।

আলোচ্য বিষয় - ৬ ঃ বিবিধ

(ক) বিবিধ বিষয়ে আলোচনায় মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, সভায় জানান যে, মোল্লার চর ব্রীজের দুই পাশে মাটি না থাকায় পথচারীদের সীমাহীন ভোগান্তিতে পরতে হচ্ছে। তাই ব্রীজের দুই পাশে মাটি ভরাটের জন্য তিনি সভায় অনুরোধ জানান। এছাড়া ধনার চর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে ভাঙ্গায় ছোট ব্রীজ নির্মাণের জন্য তিনি সভায় অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ
১। মোল্লার চর ব্রীজের দুই পাশে মাটি ভরাট করতে হবে।
২। ধনারচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে ভাঙ্গায় ভাঙ্গায় ব্রীজ নির্মাণ করতে হবে।

বাস্তবায়নে ঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৩। উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।
৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম।

(খ) বিবিধ বিষয়ে আলোচনায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, সভায় জানান যে, দাঁতভাঙ্গা টু ঢাকা ডিসি রাস্তা নির্মাণের কাজ চলমান রয়েছে। উক্ত ডিসি রাস্তার সাথে দাঁতভাঙ্গা সাহেবের আলগা উপজেলা পরিষদের যেকোন উন্নয়ন কাজে উপজেলা পরিষদের সকল সদস্যদের সঙ্গে সমন্বয় করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। এছাড়া ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভা নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানদের অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ
১। উপজেলা পরিষদের যেকোন উন্নয়নমূলক কাজে উপজেলা পরিষদের সকল সদস্যের সাথে সমন্বয় করতে হবে।
২। ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভা নিয়মিত আহবান করতে হবে।

বাস্তবায়নে ঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৩। সংশ্লিষ্ট সকল।

চলমান পাতা-০৪

CamScanner

(গ) বিবিধ বিষয়ে আলোচনায় উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০১২(অংশ-১)-৯১৯, তারিখঃ ১৭ নভেম্বর ২০২০খ্রি. মোতাবেক 'উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণ' বিষয়ক পত্রের নির্দেশনা ও জননিরাপত্তা বিভাগ থেকে প্রাপ্ত লে-আউট প্ল্যান মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় মোতায়েনকৃত ১০(দশ) জন আনসার সদস্যদের জন্য অস্ত্রাগার/গোলাবারুদ রাখার স্থান ও আবাসন ব্যবস্থা নিশ্চিত করতে উপজেলা পরিষদ চত্বরে সুবিধাজনক স্থানে (উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নিকটবর্তী) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য টেন্ডার আহবানপূর্বক ঠিকাদার নির্বাচন করে কার্যাদেশ প্রদান করা হয়েছে। কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদার ভবন নির্মাণ কাজ শুরু করেছেন। নির্মাণ কাজের বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল পদে প্রদানের জন্য তিনি সভায় অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ ১। উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণ প্রকল্পের বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।

বাস্তবায়নেঃ ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৩। উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।

(ঘ) বিবিধ বিষয়ে আলোচনায় সভাপতি জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে নিম্নোক্ত প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন-

| ক্র: নং | প্রকল্পের নাম | টাকার পরিমাণ | তহবিল | খাত | বাস্তবায়নের ধরণ |
|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের পুরাতন ভবনের কৃষি অফিসের দরজা, জানালা, ছাদ ও দেয়াল মেরামত এবং রংকরণ। | ২,০০,০০০/- | উপজেলা পরিষদ রাজস্ব | ৩(ক) | পিআইসি |

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ ১। উপরোক্ত প্রকল্পটি সংশ্লিষ্ট খাত হতে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নেঃ ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৩। উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।

(ঙ) বিবিধ বিষয়ে আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী উপজেলা পরিষদের নিম্নোক্ত বিল সমূহ অনুমোদনের জন্য সভায় অনুরোধ জানান।

১। নভেম্বর ও ডিসেম্বর-২০২১ মাসের আপ্যায়ন বিল ৬০,০০০/- (ষাট হাজার) টাকা।

২। নভেম্বর ও ডিসেম্বর-২০২১ মাসের আনুসাঙ্গিক বিল ১০,০০০/- (দশ হাজার) টাকা।

৩। নভেম্বর ও ডিসেম্বর -২০২১ মাসের ১৭টি কমিটির আপ্যায়ন বিল ১৬,০০০/- (ষোল হাজার) টাকা।

৪। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ম) নং অনুচ্ছেদের আলোকে শারদীয় দুর্গাৎসব ২০২১ উপলক্ষে আনসার সদস্যদের নিরাপত্তার পারিশ্রমিক প্রদান ২১,০০০/- (একুশ হাজার) টাকা।

৫। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ভ) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবন, শহীদ মিনার, মুক্তিযুদ্ধ স্মৃতিফলক চত্বর ও তার চারপাশ পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা পরিশোধ।

৬। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঘ) নং অনুচ্ছেদের আলোকে করোনা পরিস্থিতি মোকাবিলায় মাস্ক ক্রয় বাবদ ২৩,৮৫০/- (তেইশ হাজার আটশত পঞ্চাশ) টাকার বিল পরিশোধ।

৭। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ক) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদের পুরাতন ভবনের ৩টি দরজা ও ৪টি জানালা সরবরাহ বাবদ ২৪,৯০০/- (চব্বিশ হাজার নয়শত) টাকার বিল পরিশোধ।

৮। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঘ) নং অনুচ্ছেদের আলোকে মৃত ব্যক্তির দাফন কাফন কাজ বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বিল পরিশোধ।

৯। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ক) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদের ৯/গ নং বাসার ভিতরে চুনকাম ও রংকরণ বাবদ ২২,০০০/- (বাইশ হাজার) টাকার বিল পরিশোধ।

চলমান পাতা-০৫

CamScanner

১০। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঘ) নং অনুচ্ছেদের আলোকে বন্দবেড় ইউনিয়নের দক্ষিণে মৃত মজিবর রহমানের বাড়ীর পাশে বাঁশের সাঁকো নির্মাণ বাবদ ২৩,২০০/- (তেইশ হাজার দুইশত) টাকার বিল পরিশোধ।

১১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঘ) নং অনুচ্ছেদের আলোকে শহীদ মিনার হতে উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবন পর্যন্ত রাস্তা মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল পরিশোধ।

১২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঘ) নং অনুচ্ছেদের আলোকে শহীদ মিনার হতে উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবন পর্যন্ত রাস্তা মেরামত (২য় অংশ) বাবাদ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল পরিশোধ।

১৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ক) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনের ২য় তলায় চুনকাম ও রংকরণ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল পরিশোধ।

১৪। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ক) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনের ১ম তলায় চুনকাম ও রংকরণ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল পরিশোধ।

১৫। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঘ) নং অনুচ্ছেদের আলোকে বানু বেওয়া, স্বামী-মৃত ফজল উদ্দিন এর ঘরবাড়ি পুড়ে যাওয়ায় আর্থিক সাহায্য বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার বিল পরিশোধ।

১৬। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ক) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদের বিভিন্ন জায়গায় বৈদ্যুতিক কাজ বাবদ ১১,৭৭২/- (এগার হাজার সাতশত বাহাত্তর) টাকার বিল পরিশোধ।

১৭। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঘ) নং অনুচ্ছেদের আলোকে শহীদ মিনারের পিছনের রাস্তা ভেঙ্গে যাওয়ায় জরুরী ভিত্তিতে মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল পরিশোধ।

১৮। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ক) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদে পুরাতন ভবনের সমাজসেবা অফিসের দরজা ও জানালা মেরামত বাবদ ২৪,৩০০/- (চব্বিশ হাজার তিনশত) টাকার বিল পরিশোধ।

১৯। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ট) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদে পুরাতন ভবনের পানির লাইন মেরামত বাবদ ১৬,৪১০/- (ষোল হাজার চারশত দশ) টাকার বিল পরিশোধ।

২০। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ট) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদে জেনারেটর জ্বালানী বাবদ ৫ মাসের ৯,০০০/- (নয় হাজার) টাকার বিল পরিশোধ।

২১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ক) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদে প্রশাসনিক ভবনের বিদ্যুৎ লাইন মেরামত বাবদ ১৫,৫০০/- (পনের হাজার পাঁচশত) টাকার বিল পরিশোধ।

২২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (খ) নং অনুচ্ছেদের আলোকে মহান বিজয় দিবস-২০২১ আয়োজন উপলক্ষে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা উত্তোলন।

২৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ক) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল পরিশোধ।

২৪। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ভ) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা চেয়ারম্যানে বাসভবন, শহীদ মিনার ও মুক্তিযোদ্ধা স্মৃতিফলক, উপজেলা পরিষদ কমপ্লেক্স ও চারপাশ পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকার বিল পরিশোধ।

২৫। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ম) নং অনুচ্ছেদের আলোকে মহান বিজয় দিবস উপলক্ষে নিরাপত্তার জন্য নিয়োজিত আনসারদের পারিশ্রমিক বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকার বিল পরিশোধ।

২৬। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঞ) নং অনুচ্ছেদের আলোকে ইউএনও অফিসের কম্পিউটার মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল পরিশোধ।

২৭। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (দ) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদের সৌরবিদ্যুৎ মেরামত বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার বিল পরিশোধ।

চলমান পাতা-০৬

CS CamScanner

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত বিল সমূহ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের অনুমোদন করা হলো।

বাস্তবায়ন ঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।

বিবিধ বিষয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

22-12-21

(শেখ আব্দুল্লাহ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
রৌমারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম

স্মারক নং ০৫.৪৭.৪৯৭৯.০০০.০৩.০১১.১৯- ৮৭৬/৭(৫০) তারিখঃ ২২/১২/২০২১খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৮, কুড়িগ্রাম-৪।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, পানি উন্নয়ন বোর্ড, কুড়িগ্রাম।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
৮। চেয়ারম্যান, দাঁতভাঙ্গা/শৌলমারী/বন্দবেড়/রৌমারী/যাদুরচর/চর শৌলমারী ইউপি, রৌমারী, কুড়িগ্রাম।
৯। উপজেলা........................................................................ কর্মকর্তা/অফিসার ইনচার্জ, রৌমারী থানা, রৌমারী, কুড়িগ্রাম।
১০। ........................................................................................ রৌমারী, কুড়িগ্রাম।
১১। অফিস কপি।

22/12/2021

(মোঃ আল ইমরান)
উপজেলা নির্বাহী অফিসার
রৌমারী, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৮-৫৬০০১
ফ্যাক্স ঃ ০৫৮২৮-৫৬০০৭
ইমেইল ঃ unorowmari@mopa.gov.bd